

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

ক্রাসক্রম সঙ্কট

খাদ্যের রহস্যময় ফয়সালা ও পীর শাহ যোগাযোগ

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ক্রাসক্রমের সঙ্কট দেখা দিয়েছে। প্রায় প্রত্যেকটি অনুষদেই এ সমস্যা দেখা দিয়েছে। তবে কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ ও কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদে এ সমস্যা প্রকট আকার ধারণ করেছে। এ দুটি অনুষদের কোনো নিজস্ব ভবন না থাকার কারণে এ সমস্যা দেখা দিয়েছে। কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ জনশ্রুতি থেকেই পাঁচতলা কৃষি অনুষদ ভবনের ওপরের দুই তলায় তাদের অনুষদীয় কার্যক্রম চালাচ্ছে। এ অনুষদের চারটি ব্যাচ ও কৃষি অনুষদের পাঁচটি ব্যাচ মোট নয়টি ব্যাচের প্রায় ৭০০ জন ছাত্র ও ছাত্রছাত্রীর পর্যায়ের শিক্ষার্থী কষ্ট করে ক্রাস করছে। অনুষদীয় কার্যক্রম পরিচালনায় এমনই সমস্যা হচ্ছে। এ প্রসঙ্গে কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদের প্রথম ব্যাচের শিক্ষার্থী মাহবুবুল হক মুন্সি বলেন, 'আমরা প্রায় তিন বছর ধরে অন্য একটি অনুষদের ভবনের ছোট ক্রাসক্রমে ক্রাস করছি। নিজস্ব অনুষদীয় ভবন ছাড়া কোনো উপায় নেই। দিন দিন কলেবর বাড়ছে, সামনের বছর নতুন শিক্ষার্থীরা আসলে কোথায় ক্রাস করবে, সেটির কোনো উপায় দেখছি না।'

মাৎস্যবিজ্ঞান অনুষদের প্রস্তাবিত পাঁচ তলা ভবনের মাত্র তিন তলা সম্পূর্ণ হয়েছে। এ তিন তলার মোট তিনটি গ্যালারি ক্রাসক্রম রয়েছে। অর্ধ অনুষদের চারটি ব্যাচের দুটি গ্রুপসহ আটটি ক্রাসক্রম দরকার হয়। ক্রাসক্রম সঙ্কটের কারণে লেভেল ৩ সেমিস্টার ২-এর শিক্ষার্থীদের ফাইনাল পরীক্ষা চলাকালে সময়ে লেভেল ২ সেমিস্টার ১-এর শিক্ষার্থীদের ক্রাস বন্ধ থাকে। এছাড়া শিক্ষার্থীদের তুলনায় ছোট ক্রাসক্রমগুলো অনেক ছোট। এ প্রসঙ্গে লেভেল ২ সেমিস্টার ২-এর শিক্ষার্থী মোকাম্মিল সুলতানা মিলি বলেন, 'মাঝে মাঝে মনে হয় খুপরির ভেতর ক্রাস করছি। দিনিয়রদের জন্য মাঝে মাঝে আমাদের ক্রাসক্রম ছেড়ে দিতে হয়। এতে পড়াশোনার পরিবেশ নষ্ট হয়।'

এদিকে নতুন আরেকটি অনুষদ কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের কার্যক্রম মাৎস্যবিজ্ঞান অনুষদ ভবনে শুরু হলে ক্রাসক্রমের সঙ্কট আরো প্রকট হয়। অনুষদ ভবনের নিচ তলাটি কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের নামে বরাদ্দ হয়েছে। বর্তমানে কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের ২টি ব্যাচ চলে এসেছে। এদের মাঝে একটি ব্যাচ নিচ তলায় আরেকটি ব্যাচ দুই তলায় ক্রাস করছে। যদিও মাৎস্যবিজ্ঞান অনুষদের ওপরের দুটি তলা এখন নির্মাণাধীন রয়েছে তথাপি মাৎস্যবিজ্ঞান অনুষদের ৫টি ব্যাচ ও কৃষি প্রকৌশল এবং কারিগরি অনুষদের ২টি ব্যাচকে এ তিন তলায় গাদাগাদি করে ক্রাস করতে হয়। শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকদের চেয়ারের হুমতা রয়েছে বলে অভিযোগ রয়েছে। এ প্রসঙ্গে নাম প্রকাশ করার না পার্তে সদ্য নিয়োগ পাওয়া একজন শিক্ষক বলেন, 'এখানে একটি ক্রম করে কয়েকজন শিক্ষকের চেয়ার দেয়া হয়েছে। ক্রাসক্রম সঙ্কটের পাশাপাশি শিক্ষকদের একই কক্ষে গাদাগাদি করে বসার বিষয়টি অনেক শিক্ষক হীকার করেছেন।'